**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours 6th Semester Examination, 2021

# BNGADSE06T-BENGALI (DSE3/4)

Time Allotted: 2 Hours　　　　　　　　　　Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

## বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

### একক-১

(ক) ‘‘সাধারণ ব্রাহ্মসমাজের আহ্বানে (১৩১৫ শ্রাবণ) কলিকাতার মন্দিরে এক ভাষণে তিনি এই প্রশ্ন তুললেন – ভারতের ইতিহাস কাদের ইতিহাস।’’ – এই পর্বে কবির ভারত – আদর্শের সমগ্রতাকে উপলব্ধি করবার যে প্রয়াস লক্ষ্য করা যায়, ‘রবীন্দ্র জীবনকথা’ অনুসরণে তার পরিচয় দাও।　১০

**অথবা**

(খ) ‘‘জন্মোৎসবের পরে কবি আবার য়ুরোপ চলেছেন। এবার যাচ্ছেন ইটালি।’’ – ইটালি ভ্রমণের অভিজ্ঞতার সঞ্চয় কীভাবে রবীন্দ্রজীবনীতে স্থান পেয়েছে তার পরিচয় দাও।　১০

### একক-২

(গ) শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমকে কেন্দ্র করে রবীন্দ্রনাথের এই পর্বের শিক্ষাচিন্তার পরিচয় দাও।　১০

**অথবা**

(ঘ) রবীন্দ্র সমকালে কলাভবনের যে-কোনো দুজন শিক্ষকের অবদান সম্পর্কে আলোচনা করো।　১০

### একক-৩

(ঙ) রবীন্দ্রনাথ শ্রীনিকেতনের প্রতিষ্ঠা করে বিজ্ঞানভিত্তিক কৃষির পাশাপাশি দুর্দশাগ্রস্ত গ্রামগুলির পুনর্গঠনের কাজে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছিলেন তা নিজের ভাষায় লেখো।　১০

**অথবা**

(চ) রবীন্দ্রনাথের সমবায় নীতির মূলসূত্রগুলির পরিচয় দাও।　১০

**একক-৪**

(ছ) ছেলেভুলানো ছড়ার সংগ্রাহক হিসাবে রবীন্দ্রনাথের ভূমিকা পর্যালোচনা করো। ১০

**অথবা**

(জ) "নিম্নসাহিত্য এবং উচ্চসাহিত্যের মধ্যে বরাবর ভিতরকার একটি যোগ আছে" – রবীন্দ্রনাথের এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

**বিভাগ-খ**

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) 'রবীন্দ্র জীবনকথা'য় 'হিন্দুমেলার উৎসব' সম্পর্কে কী বলা হয়েছে ? এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ কোন্ গানটি লিখেছিলেন বলে জীবনীকার মনে করেন ? ৪+১

(খ) শান্তিনিকেতন আশ্রমে উদ্‌যাপিত যে-কোনো দুটি উৎসবের পরিচয় দাও। ২.৫+২.৫

(গ) শান্তিনিকেতন পল্লী উন্নয়ন পরিকল্পনায় লেওনার্ড এলমহার্স্টের অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) কবিগানকে রবীন্দ্রনাথ 'নষ্ট পরমায়ু' বলেছেন কেন সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——